

কীটতত্ত্ব শাখা প্রযুক্তি-১২

১) প্রযুক্তির নামঃ	শুকনা নিম পাতার নির্যাস দিয়ে পাটের হলুদ মাকড় দমন।
২) প্রযুক্তির বৈশিষ্ট্যঃ	<ul style="list-style-type: none"> <li>● কৃষকের জন্য সহজলভ্য।</li> <li>● ব্যবহার পদ্ধতি সহজ।</li> <li>● উক্ত দমন পদ্ধতি অর্থনৈতিকভাবে লাভজনক।</li> <li>● পরিবেশ বান্ধব।</li> </ul>
৩) প্রযুক্তির উপযোগিতাঃ	<ol style="list-style-type: none"> <li>১. বাংলাদেশের যে সকল অঞ্চলে পাট চাষ করা হয় সেখানেই এই প্রযুক্তি খুবই উপযোগী। নিম পাতা সকল অঞ্চলে সহজেই পাওয়া যায় তাই হলুদ মাকড় দমনের জন্য রাসায়নিক মাকড়নাশক ব্যবহার না করেও শুকনা নিম পাতার নির্যাস দিয়ে হলুদ মাকড় দমন খুবই কার্যকরী।</li> <li>২. বাংলাদেশের যে সকল অঞ্চলে পাট চাষ করা হয় সে সব অঞ্চলে এ প্রযুক্তি খুবই উপযোগী।</li> <li>৩. শুকনা নিম পাতার নির্যাস হলুদ মাকড় আক্রান্ত গাছের ডগার কচি পাতার উল্টোদিকে সরাসরি স্প্রে করলে খুব ভাল ফল পাওয়া যায়।</li> <li>৪. এই প্রযুক্তি ব্যবহারের ফলে পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব পড়ে না।</li> <li>৫. এই ক্ষেত্রে উপকারী পোকার উপর কোন ক্ষতিকর প্রভাব ফেলে না।</li> <li>৬. এই প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে কৃষকের কোন ঝুঁকি নাই।</li> </ol>
৪) মাঠ পর্যায়ে করণীয়ঃ	শুকনা নিম পাতা ১:৫০ (নিম পাতা: পানি) অনুপাতে অর্থাৎ ১০০ গ্রাম শুকনা নিম পাতা ৫ লিটার পানিতে ১০-১২ ঘন্টা ভিজিয়ে রেখে ছেকে নিয়ে হলুদ মাকড় আক্রান্ত গাছের ডগার কচি পাতার উল্টোদিকে সরাসরি স্প্রে করতে হবে। এভাবে পরপর ২ দিন স্প্রে করলে হলুদ মাকড় ভালোভাবে দমন হয়।
৫) প্রযুক্তি হতে ফলন/প্রাপ্তিঃ	<p>নিম পাতা সংগ্রহ ও নির্যাস তৈরির খরচ (প্রতি হেক্টরে):</p> <p>নির্যাস তৈরির শ্রমিক মজুরি = ৬০০/-          প্রথম বার (২ জন) = ১২০০/-          দ্বিতীয় বার (২ জন) = ১২০০/-          -----          মোট = ৩০০০/-</p> <p>এই প্রযুক্তি ব্যবহারের ফলে প্রতি হেক্টরে পাট আঁশের ফলন সাত (০৭) মণ বেশি পাওয়া যায়, যার বর্তমান মূল্য = ২৮০০ × ৭ = ১৯,৬০০/-          প্রতি হেক্টরে লাভ = (১৯,৬০০ - ৩০০০) = ১৬,৬০০/-</p>